
# ইস্রা ঃ ঈশ্বরের লোকদের নবায়িত করেছিলেন

## পবিত্র আত্মার দ্বারা উপাসক মণ্ডলীর নবায়ণ এবং ব্যক্তিগত রূপান্তরিতকরণ

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যায়ণ R2b পাঠ করা উচিৎ।




**১. ইস্রার মত ঈশ্বরের বাক্য দ্বারা আপনার হৃদয় এবং মনকে প্রস্তুত করুন ঃ**

বিশ্বাসীদের প্রতিদিন ঈশ্বরের পবিত্র আত্মা দ্বারা দৈনিক নবায়িত জীবনে পরিচালনা করার জন্য ঈশ্বরের সাহায্য যাজ্ঞা করুন।

- আপনার জীবনে এবং বিশ্বাসীদের জীবনে পবিত্র আত্মার জীবন পরিবর্তনকারী শক্তির জন্য প্রার্থনা করুন।

আপনার জীবনে যে বিষয়গুলো তাঁর নবায়ণকে বন্ধ করে তা সর্বশক্তিমান ঈশ্বরকে দেখতে দিন। সেই বিষয়গুলো স্বীকার করুন।

খ্রীষ্টের জন্মের ৪০০ বছর পূর্বে যাজক ইস্রা এবং তার সহকর্মীগণ ইস্রায়েলের লোকদের প্রথম, দীর্ঘস্থায়ী জাতীয় নবায়নের কঠোর ব্যবস্থার অধীনে বাস করেছিলেন। ঈশ্বরের লোকেরা তখনও পুরাতন নিয়মের কঠোর ব্যবস্থার অধীনে বাস করেছিলেন। তাদের অসংখ্য পাপের মধ্যে একটি পাপ ছিল প্রতিমা পূজকদের বিবাহকরা।

ইস্রা এবং লোকেরা কি করেছিলেন তা আবিষ্কার করুন- **ইস্রা ৯ঃ১ - ১০ঃ৬** পদ পাঠ করুন।

- ইস্রা ৯ঃ৩-৪পদ খুঁজুন। ইস্রা এই সকল পাপের নিমিত্ত তাঁর দুঃখ প্রদর্শন করেছিলেন।
- ইস্রা ৯ঃ৫-৭ এবং ১৩-১৫ পদে খুঁজে দেখুন, ইস্রার স্বীকারোক্তির প্রার্থনা কত আন্তরিক ছিল।
- ইস্রা ১০ঃ১পদে খুঁজে দেখুন, লোকেরা কিভাবে তাদের দুঃখ প্রদর্শন করেছিলেন।
- ইস্রা ১০ঃ২-৩ পদে খুঁজে দেখুন, শখনিয় লোকদের কি করার পরামর্শ দিয়েছিলেন।

**নহিমিয় ৮ঃ১ - ৯ঃ৩** পদ পর্য্যন্ত গল্পটি প্রসারিত হয়েছে।

অসংখ্য শহর থেকে ঈশ্বরের লোকেরা আরাধনা করতে একত্রিত হয়েছিলেন।

- নহিমিয় ৮ঃ১-৩ পদে খুঁজে দেখুন। ঈশ্বরের বাক্যের প্রতি সম্মান দেখাতে লোকেরা কি করেছিলেন।
- নহিমিয় ৮ঃ৫-৬ পদে খুঁজে দেখুন, লোকেরা তিনটি শারীরিক অবস্থান গ্রহণ করেছিলেন।
- ইস্রা একা শিক্ষা দেন নি। নাহমিয় ৮ঃ৭-৮ পদে খুঁজে দেখুন, অন্য শিক্ষকগণও কি করেছিলেন।
- নহিমিয় ৮ঃ৯ পদে খুঁজে দেখুন, শ্রবণের পর লোকেরা কি করেছিলেন।
- নহিমিয় ৯ঃ১-৩ পদে খুঁজে দেখুন, লোকেরা কি স্বীকার করেছিলেন।

**নূতন নিয়মও** আমাদের শিক্ষা দেয়, কিভাবে নবায়িত হতে হবে।

- যোহন ৩ঃ১-৬ পদে খুঁজে দেখুন, আমাদের জীবনে কিভাবে নূতন সৃষ্টি শুরু হয়।
- ২ করি ৫ঃ১৭ পদে খুঁজে দেখুন, প্রতিটি বিশ্বাসীর জীবনে ঈশ্বর কোন্ কোন্ বিষয়কে নূতন করেন।
- ১ যোহন ১ঃ৮-১০ পদে খুঁজে দেখুন, ঈশ্বরের সম্মুখে শুচি হওয়ার জন্য আমাদের পাপের বিষয় অবশ্যই কি করতে হবে।

- ১ পিতর ২ঃ১-৩ পদে খুঁজে দেখুন, আমাদের অবশ্যই দুটি কি বিষয় করা উচিৎ।
- রোমীয় ১২ঃ১-২ পদে খুঁজে দেখুন, আমাদের অবশ্যই কোন দুটি বিষয় করতে হবে।

গীত ৫১ঃ৯-১০ পদে দায়ূদের স্বীকারোক্তির প্রাথনাটি মুখস্থ করুন।

২. **সপ্তাহ যাবৎ আপনাকে এবং বিশ্বাসীদের যা কিছু করতে হবে সেই বিষয় সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

- আপনার অঞ্চলের অন্য উপাসক মণ্ডলীর সঙ্গে ইস্রায়েলীয়গণ যা করেছিলেন তা করার জন্য পরিকল্পনা করুন। আরাধনা করার জন্য এবং ঈশ্বরের আনন্দপূর্ণ নবায়ন লাভ করার জন্য একসঙ্গে মিলিত হওয়ার পরিকল্পনা করুন।
- যে বিশ্বাসীদের বিশ্বাস শীতল হয়ে গেছে তাদের কাছে যান এবং পবিত্র আত্মার দ্বারা যীশুতে তাদের নবায়িত হতে সাহায্য করুন।




আপনি এই ক্রন্দরতা মহিলাকে কি বলবেন?

৩. **আসন্ন আরাধনা বিষয় আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন। ইস্রার গল্পটি পাঠ করার জন্য কোন একজনকে প্রস্তুত করুন।**

তারা স্মৃতি থেকে এটা বলতে পারে অথবা অভিনয় করতে পারে।

ইস্রা ৮ এবং ৯ অধ্যায় ভাগ ১ এ আপনি যা খুঁজে পেয়েছেন সেই বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

প্রত্যেককে প্রার্থনা করার জন্য এবং তাদের পাপ সমূহ স্বীকার করার জন্য আমন্ত্রণ করুন। তাদেরকে যৌন অনৈতিকতার মত ব্যক্তিগত পাপের বিষয়ে নীরবে ঈশ্বরের কাছে স্বীকার করতে বলুন।

নবায়িত হওয়ার জন্য তাদেরকে অবশ্যই কি করতে হবে সেই বিষয়ে ব্যাখ্যা করুন। ঈশ্বরের লোকদের অবশ্যই সেই কাজ করতে হবে যা ইস্রা দলগতভাবে করার জন্য তাঁর লোকদের পরিচালিত করেছিলেন।

- ঈশ্বরের বাক্য মনোযোগ সহকারে শ্রবণ করা এবং ইহার বাধ্য হওয়া।
- ঈশ্বরের কাছে আমাদের পাপসমূহ স্বীকার করা এবং পবিত্র আত্মার সাহায্যে তার থেকে সম্পূর্ণভাবে ফিরে আসা।
- পরস্পরের সঙ্গে এবং ঈশ্বরের সঙ্গে আন্তরিক চুক্তি তৈরী করা, খ্রীষ্টের কাছ থেকে প্রতিদিন নবায়ণ লাভ করার জন্য প্রতিদিন এই সকল বিষয়গুলো স্বীকার করতে সম্মত হওয়া।

ঈশ্বর যাতে তাদেরকে নবায়িত করতে পারেন, তার জন্য বিশ্বাসীদের আন্তরিকভাবে চুক্তি করতে বলুন।

- চুক্তি কি সেই বিষয়ে আলোচনা করুন — অত্যন্ত গুরুত্বপূর্ণ সহমত্য যা প্রত্যেকে করেন।
- লোকেরা এবং ইস্রা যা করেছিলেন, সেই বিষয়ে পরস্পরের সঙ্গে এবং ঈশ্বরের সঙ্গে বিশ্বাসীদের একমত হতে বলুন।
- প্রতিদিন আপনার পাপস্বীকার করতে এবং পবিত্র আত্মাকে আপনার হৃদয় পরিবর্তন করতে দিতে একমত হন।
- ২ করিন্থীয় ৪ঃ১৬ পদটি প্রত্যেককে মুখস্ত করতে সাহায্য করুন, "এই জন্য আমরা নিরুৎসাহ হইনা, কিন্তু আমাদের বাহ্য মনুষ্য যদ্যপি ক্ষীণ হইতেছে তথাপি আন্তরিক মনুষ্য দিন দিন নূতনীকৃত হইতেছে।"

রাজা যোশিয় কিভাবে প্রাচীন ইস্রায়েলে নূতনীকরণ এনেছিলেন সেই গল্পটি তাদের বলার জন্য অথবা অভিনয় করার জন্য শিশুদের সাহায্যের ব্যবস্থা করুন।

প্রভুর ভোজের বিষয়টি প্রবর্তনের জন্য ইস্রা ৬ঃ১৯-২১ পদে কি ঘটেছিল সেই বিষয়টি সংক্ষেপে বলুন। ব্যাখ্যা করুন ঃ

- তারা নিস্তার পর্বের মেষপালকে আহারের দ্বারা ইহা উদ্‌যাপিত করেছিলেন। আজকের দিনে খ্রীষ্টে আমাদের নিস্তার পর্ব্বীয় মেষশাবক।
- যাজকেরা প্রথমে আনুষ্ঠানিকভাবে স্নান করেছিলেন। বর্তমানে আমরা আমাদের পাপ স্বীকারের মাধ্যমে শুচি হই।

লোকেরা তাদের পাগান প্রতিবাসীদের মন্দ কার্যকলাপ থেকে নিজেদের পৃথক করেছিলেন, যাতে তারা যোগ্য ভাবে নিস্তার পর্ব্বীয় নৈশ ভোজ আহার করতে পারেন। বর্ত্তমানে আমরা পরস্পরের প্রতি প্রেমের দ্বারা প্রভুর মেজে যোগ্যভাবে আহার গ্রহণ করি।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net